**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়**
**ফকিরহাট, বাগেরহাট।**

স্মারক নং ৩৩.০২.০১৩৪.০০০.৫০১.৩৬.০০৫০.২২.৯৮ তারিখঃ ১৫/০৬/২০২৬ খ্রি.

**মে/২০২৬ মাসের কার্যপত্র**

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফকিরহাট, বাগেরহাট এর মে/২০২৬ মাসের কার্যপত্র নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো

| ক্রঃ নং | কার্যক্রমের নাম | কার্যক্রমের বিবরণ |
|---|---|---|
| ১ | মাছের পোনা অবমুক্তকরণ | দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় পিলজংগ ইউনিয়নের ভ্যাটকার বিলে ২০০ (দুইশত) কেজি এবং বাহিরদিয়া-মানসা ইউনিয়নের সাতবাড়িয়া খালে ১৬০ (একশত ষাট) কেজি সর্বমোট ৩৬০ (তিনশত ষাট) কেজি মাছের পোনা (শিং-৯০ কেজি, পাবদা-৯০ কেজি, টেংরা-৯০ কেজি, গুলশা-৯০ কেজি) অবমুক্ত করা হয়েছে। |
| ২ | ছাগল ও উপকরণ বিতরণ | দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ (বিশ) জন মৎস্যজীবীর প্রত্যেককে ৪ (চার) টি করে মোট ৮০ (আশি) টি ছাগল, ৬০ (ষাট) কেজি করে ছাগলের খাবার, কৃমিনাশক ট্যাবলেট, পিপিআর এর টিকা প্রদান করা হয়েছে। |
| ৩ | বিল নার্সারী স্থাপন | দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ফকিরহাট ইউনিয়নের ষোলকাউনের বিলে একটি বিল নার্সারী স্থাপন করা হয়েছে এবং ৩২ (বত্রিশ) কেজি ধানী পোনা মজুদ করা হয়েছে যা প্লাবিত বিলে ছড়িয়ে পড়বে। এছাড়া রাজস্ব বাজেটের আওতায় একই ইউনিয়নের সাতশিকার বিল ও সুতির বিলে পৃথকভাবে ২ (দুই) টি বিল নার্সারী স্থাপন করা হয়েছে। |
| ৪ | মৎস্যখাদ্য নমুনা পরীক্ষা | মৎস্যখাদ্যের মান পরীক্ষার জন্য স্থানীয় মৎস্যখাদ্যের দোকান থেকে নমুনা সংগ্রহ করে জেলা মৎস্য আফিসারের কার্যালয়, বাগেরহাটে প্রেরণ করা হয়েছে। |
| ৫ | পরামর্শ প্রদান | অফিস এবং মাঠ পর্যায়ে ২০ (বিশ) জন মৎস্য চাষীর ঘেরের মাটি ও পানি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। |
| ৬ | ঋণ আদায় | মে/২৬ মাসে ২০০০/- (দুই হাজার) টাকা বকেয়া ঋণ আদায় পূর্বক সরকারী হিসাবে জমা করা হয়েছে। |
| ৭ | ডিপো/আড়ৎ ও বরফকল পরিদর্শন | চলতি মাসে ১০ (দশ) টি ডিপো/আড়ৎ এবং ১ (এক) টি বরফকল পরিদর্শন করা হয়েছে। |
| ৮ | চিংড়ি ঘেরের রেজিস্ট্রেশন | মে/২৬ মাসে ২ (দুই) টি চিংড়ি ঘেরের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। |
| দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |

১৫/০৬/২০২৬
(শেখ আসাদুল্লাহ)
পরিচিতি নম্বর-০০৬৮২
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ফকিরহাট, বাগেরহাট।
ফোন- ০১৭২২৫৪৪১১৫

উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট

স্মারক নং ৩৩.০২.০১৩৪.০০০.৫০১. ৩৬.০০৫০.২২.৯৮ তারিখঃ ১৫/০৬/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য
১। জেলা মৎস্য কর্মকর্তা, বাগেরহাট।
২। অফিস নথি।

১৫/০৬/২০২৬
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফকিরহাট, বাগেরহাট।

CamScanner